

2 0 1 8

BENGALI

( Major )

Paper : 1.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। নির্দেশানুসারে উত্তর দাও : ১×১০=১০

(ক) কালকেতুর গৃহ নির্মাণ করে দেবার জন্য দেবী চণ্ডী কাকে নির্দেশ দিয়েছিলেন ?

(খ) গুজুরাটে প্রজা আনয়নের জন্য দেবী চণ্ডী কোন্ নগরে প্রলয়ংকরী বন্যা সৃষ্টি করেছিলেন ?

(গ) ফুল্লরার সইয়ের নাম কী ?

(ঘ) কালকেতুকে খাওয়ানোর জন্য ফুল্লরা কীসের বদলে 'দধি এক হাঁড়ি' এনেছিল ?

১. কাঁচাকলা

২. হরিণী

৩. মাংস

৪. বাঘছাল

( শুদ্ধ উত্তরটি বেছে লেখো )

- (ঙ) “হক হক করি কান্দে বানর মর্কট।” ‘মর্কট’ শব্দের অর্থ কী?
- (চ) “শুনিলি বিজয়া জয়া বুড়াটির বোল।  
আমি যদি বলি তবে হবে \_\_\_\_\_ ॥”  
( শূন্যস্থান পূর্ণ করো )
- (ছ) “গুণের নাহিক সীমা রূপ ততোধিক।  
বয়সে না দেখি গাছ পাথর বন্দীক ॥”  
‘বন্দীক’ শব্দের অর্থ কি?
- (জ) “সবে বলে ব্যাস তুমি বড় লক্ষ্মীছাড়া।  
অন্ন উড়ি যায় তুমি যাহ যেই পাড়া ॥”  
কে কাশীতে ব্যাসের অন্ন নিষিদ্ধ করেছিলেন?
- (ঝ) “অভিমাণে সমুদ্রেতে ঝাঁপ দিলা ভাই।” ‘ভাই’ বলতে কাকে বোঝানো হয়েছে?
- (ঞ) ভারতচন্দ্র কোন্ রাজার পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন?
- ২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও :  $২ \times ৫ = ১০$
- (ক) কালকেতুর রাজ্য স্থাপনের লক্ষ্যে বনকর্তনের জন্য আগত বেরুনিয়াদের দু’জন দলপতির নাম উল্লেখ করো।
- (খ) দেবীর নির্দেশে কে কে মিলে কালকেতুর পুরী নির্মাণ করেছিলেন?
- (গ) “সোনা-রূপা নহে বাপা এ বেঙ্গা পিত্তল।” কে, কোন্ জিনিস সম্বন্ধে এ মন্তব্য করেছিল?

- (ঘ) “আমার আছিল বাছা পাঁচটি বদন।  
এক মাথা কাটিয়া লইল পঞ্চানন ॥”  
‘পঞ্চানন’ কে? তিনি কার একটি মাথা কেটে নিয়েছিলেন?
- (ঙ) বসুন্ধর মর্ত্যে জন্মলাভ করে কী নামে পরিচিত হয়েছিলেন?  
মর্ত্যে জীবনে তাঁর স্ত্রীর নাম কী হয়েছিল?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ( যে-কোন দুটি ) :  $৫ \times ২ = ১০$

- (ক) কালকেতু-ফুল্লরার সংসার জীবন কীভাবে শুরু হয়েছিল তা ‘কালকেতুর স্বদেশে গমন’ অংশ অবলম্বনে উল্লেখ করো।
- (খ) কালকেতুর ভোজন পর্বের একটি বর্ণনা প্রস্তুত করো।
- (গ) “এমন শুনিয়া বীর ভাগুর বচন।  
লাঘব করিয়া তারে দিল বিসর্জন ॥”

ভাঁড়ুদত্তের সঙ্গে কালকেতুর দ্বন্দ্ব শুরু হয়েছিল কেন? এর পরিণাম কী হয়েছিল?

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ( যে-কোন দুটি ) :  $৫ \times ২ = ১০$

- (ক) ‘অন্নদামঙ্গল’ কাব্যের ‘রতি বিলাপ’ অংশে রতি কীভাবে বিলাপ করেছেন, লেখো।
- (খ) ঈশ্বরী পাটুনীকে অন্নপূর্ণা যে আত্মপরিচয় দিয়েছিলেন তা সংক্ষেপে লেখো।
- (গ) ব্যাখ্যা করো :  
“যে হৌক সে হৌক আরো করিব যতন।  
মন্দের সাধন কিম্বা শরীর পাতন ॥”

৫। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ( যে-কোন দুটি ) :  $10 \times 2 = 20$

(ক) মুকুন্দরাম চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যের 'কালকেতু উপাখ্যান'-এ প্রতিফলিত সমাজচিত্র সম্বন্ধে আলোচনা করো।

(খ) 'ভাঁড়ুদত্ত' চরিত্রটি বিশ্লেষণ করো।

(গ) 'কবিকঙ্কণ চণ্ডী' কাব্যের কালকেতু আখ্যানে বর্ণিত পৌরাণিক প্রসঙ্গ কোনগুলো? কালকেতু কাহিনিতে এই প্রসঙ্গগুলোর তাৎপর্য বিশ্লেষণ করো।

(ঘ) কলিঙ্গরাজের সঙ্গে কালকেতুর যুদ্ধের কারণ, বিবরণ এবং পরিণাম বর্ণনা করো।

৬। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোন দুটি) :  $10 \times 2 = 20$

(ক) "যে হৌক সে হৌক ভাষা কাব্যরস লয়ে।" কবির এই মন্তব্যের আলোকে 'অন্নদামঙ্গল'-এর ভাষা এবং কাব্যসৌন্দর্য বর্ণনা করো।

(খ) "ভারতচন্দ্রের হাতে দেবতা হয়েছে মানুষ।" মন্তব্যটি উপযুক্ত উদাহরণসহ বিচার করো।

(গ) 'অন্নদামঙ্গল' কাব্যের 'গ্রহসূচনা' অংশে ঐতিহাসিক কাহিনির যে উল্লেখ পাওয়া যায় তার তাৎপর্য আলোচনা করো।

(ঘ) 'অন্নদামঙ্গল' কাব্যে হর ও গৌরীর বিবাদের কারণ এবং পরিণতির একটি বিবরণ দাও।

\*\*\*